

## 8652 - রোযাদারের ইনজেকশন নেয়া

---

### প্রশ্ন

রমযানের দিনের বেলায় ইনজেকশনের মাধ্যমে চিকিৎসা নেয়ার হুকুম কি; সেটা পুষ্টিদায়ক ইনজেকশন হোক কিংবা চিকিৎসার ইনজেকশন হোক?

### প্রিয় উত্তর

রোযাদারের জন্য রমযানের দিনের বেলায় মাংসপেশী ও শিরাতে ইনজেকশন নেয়া জায়েয। তবে দিনের বেলায় পুষ্টিদায়ক ইনজেকশন গ্রহণ করা জায়েয নেই। কেননা তা খাদ্য ও পানীয়ের পর্যায়ভুক্ত। তাই এ ধরনের ইনজেকশন গ্রহণ করা রমযানের রোযা ভঙ্গার কৌশল হিসেবে গণ্য হবে। মাংসপেশী ও শিরাতে পুশকৃত ইনজেকশনও যদি রাতের বেলায় নেয়া যায় তাহলে সেটাই ভাল।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।